

ফাতওয়া নাম্বার: ৪৯৫

প্রকাশকাল: ২২-০৯-২০২৪ ইং

ফেলা দেওয়া জিনিস ব্যবহারের হুকুম

প্রশ্ন:

আমি কলেজের হোস্টেলে থাকি। অনেক সময় সিনিয়র ভাইরা হোস্টেল ছেড়ে চলে যাওয়ার সময় বিভিন্ন জিনিসপত্র ফেলে রেখে চলে যান। আমার জানার বিষয় হলো, সেই জিনিসগুলো ব্যবহার করা কি জায়েয হবে? উল্লেখ্য, কেউ ব্যবহার না করলে সাধারণত রুম পরিষ্কার করার সময় ক্লিনাররা ওগুলো ফেলে দেয় কিংবা কেজি দরে বিক্রি করে দেয়।

-আবদুল্লাহ বিন মুহাম্মাদ

উত্তর:

হোস্টেল ছেড়ে যাওয়ার সময় কেউ কিছু ফেলে রেখে গেলে, যদি প্রবল ধারণা হয় যে, মালিক তা ইচ্ছে করেই ফেলে গেছে, তাহলে তা ব্যবহার করা যাবে। একইভাবে যদি মনে হয় ভুলে রেখে গেছে, কিন্তু তা এতটাই তুচ্ছ ও কম মূল্যের যে মালিক তা খোঁজ করবে বলে মনে হয় না, তাহলেও তা ব্যবহার করা জায়েয। -সহীহ বুখারী: ৩/১২৫ হাদীস: ২৪৩০, ২৪৩১ (দারু তাওকিন নাজাহ); ফাতহুল বারী: ৫/৮৫ (দারুল ফিকর); মুসান্নাফ ইবনে

আবী শাইবা: ১১/২২৩ বর্ণনা নং: ২২০৬৪ (দারুল
 কিবলাহ); মাবসুতে সারাখসী: ১১/২ (দারুল মারেফা);
 শরহুস সিয়ান, পৃ: ৭৯৯, ১০৬০ (আশ-শারিকাতুশ
 শারকিয়্যাহ); আল-মুহীতুল বুরহানী: ৫/৪৩৪ (দারুল
 কুতুবিল ইলমিয়্যাহ); ফাতহুল কাদীর: ৬/১২২ (দারুল
 ফিকর); রদুল মুহতার: ৪/২৮৪ (দারুল ফিকর);
 খুলাসাতুল ফাতাওয়া: ৪/৪৩৪-৪৩৫ (আল-মাকতাবাতুল
 আশরাফিয়্যাহ); আল-ফাতাওয়াল ওয়ালওয়ালিজিয়্যাহ:
 ২/৩৭৩ (যাকারিয়া বুক ডিপো); খিয়ানাতুল আকমাল:
 ৩/৪১৮ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); ফাতহ বাবিল
 ইনায়াহ: ৩/২৫৪-২৫৫ (মাকতাবাতু ইবনি আব্বাস);
 আল-ইনসাফ: ৬/৩৮২ (দারুল ইহয়ায়িত তুরাস); আল-
 মাওসুআতুল ফিকহিয়্যাহ: ৩৫/৩০৬ (ওয়ানাতুল
 আওকাফ, কুয়েত)

والله تعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-০২-১৪৪৬ হি.

৩০-০৮-২০২৪ স্ট.

